



১০ বনিক বার্তা

বনিক বার্তা, ২০২২-০২-১৭, পৃষ্ঠাঃ ১০



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে জাতীয় গ্রন্থাগার দিবস পালন

জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন উপলক্ষে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি লাইব্রেরিতে 'অতিমারীতে ডিজিটাল লাইব্রেরি কার্যক্রম'-এর ওপরে সম্প্রতি এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত গ্রন্থাগারিক এবং চেয়ারপারসন, তথ্যশিক্ষা ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ ড. দিলারা বেগম। এতে আরো উপস্থিত ছিলেন বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ড. জয় সামাদ, উপউপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ জিয়াউল হক মামুন, ঢাবির তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. কাজী মোস্তাক গাউসুল হক প্রমুখ।